গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা -৩ শাখা
**www.moha.gov.bd**

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৫.২৫. ৯৭

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ মজিবুর রহমান মজুমদার, জেল সুপার, ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার গত ০১-১০-২০২৩ হতে ২২-০৫-২০২৫ তারিখ পর্যন্ত মৌলভীবাজার জেলা কারাগারে কর্মকালীন গত ১৬-০৩-২০২৫ তারিখ ইফতারের ১০ মিনিট পূর্বে জনাব মোঃ ইসরাইল হোসেন, বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার আকস্মিক মৌলভীবাজার জেলা কারাগারে পরিদর্শন করেন এবং জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০০১.১৬.০০৪.২৩-২১২ তারিখ: ১৭-০৩-২০২৫ তারিখে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করেন। পরিদর্শনকালে কয়েদি ও হাজতিদের জন্য সরকার হতে বরাদ্দকৃত ইফতার ও সন্ধ্যা রাতের খাবার নিজে গ্রহণ করে খাবারের মান পর্যবেক্ষণ করেন। ইফতারে মাথাপিছু ছোট ১টি নিম্নমানের খেজুর, সামান্য কিছু বুট/ছোলা, অল্প পরিমাণ মুড়ি এবং রাতের খাবারে ভাত, অল্প সবজি, খুবই ছোট ১ টুকরো (খন্ডিত) তেলাপিয়া মাছ ও ১ চামচ ঘনডাল সরবরাহ করেন। পর্যাপ্ত খাদ্য উপকরণ থাকা সত্ত্বেও রান্নায় তেল, লবণ, পেঁয়াজ, মরিচসহ অন্যান্য মসলা সামান্য ব্যবহার করে খাবারের স্বাদ ও মানকে প্রশ্নবিদ্ধ করেছেন;

যেহেতু, বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার পরিদর্শনকালে কয়েদি ও হাজতিদের জন্য সরকার হতে বরাদ্দকৃত ইফতার ও সন্ধ্যা রাতের খাবার নিজে গ্রহণ করে খাবারের মান পর্যবেক্ষণ করেন। খাবারের মান সম্পর্কে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জিজ্ঞাস করলে তিনি পাল্টা জবাব দেন 'রান্না কয়েদি/হাজতিরা তৈরি করে থাকে'। এর মাধ্যমে তিনি বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটকে বুঝাতে চেয়েছেন খাবারের মান এরূপ হবে, ভালো হবে না; কারণ খাবার কয়েদি/হাজতিরা প্রস্তুত করে থাকে;

যেহেতু, পরিদর্শনকালে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও তাঁর সফর সঙ্গীরা সুরমা-১ নং ওয়ার্ডে ফ্লোরে বসে ইফতার গ্রহণ করেন কিন্তু তিনি ফ্লোরে না বসে দাঁড়িয়ে থাকেন এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের সাথে ইফতার গ্রহণ করেননি। কারা বন্দিরা তাকে ইফতার দিতে চাইলে তিনি তা গ্রহণ করেননি। তিনি ইফতার গ্রহণ না করে নিজ অবস্থানে অনড় থাকেন এবং পরিদর্শনকারী কর্মকর্তার পর্যবেক্ষণে পাল্টা জবাব দেন। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বন্দিদের সাথে ফ্লোরে বসে ইফতার গ্রহণকালে তার ইফতার গ্রহণ না করে দাঁড়িয়ে থাকায় তিনি বিব্রতবোধ করেছেন। তদন্ত কমিটি তাঁকে ইফতার গ্রহণ না করার কারণ জিজ্ঞাস করলে তিনি ভিন্ন ধর্মাবলম্বীদের খাবার অবিলিকৃত থাকায় খাবার পরিমাণে কম পড়তে পারার কারণে ইফতার গ্রহণ করেননি এবং বসার প্রয়োজন মনে করেননি;

যেহেতু, ১৭-০৩-২০২৫ তারিখ বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার এর পরিদর্শন প্রতিবেদন সম্পর্কে তিনি মৌলভীবাজার জেলা কারাগারের পত্র নং-৫৮.০৪.৫৮০০.১৬০.০৪.০০৩.২৫-১১৭৪(৩) তারিখ: ০৮-০৪-২০২৫ মূলে "বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার কারাগারে সবররাহকৃত ভাত, ডাল ও সবজির বিষয়ে বন্দি ও কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীদের মেন্যু ও পরিমাণ সম্পর্কে কিছু জিজ্ঞেস না করে বিরূপ মন্তব্য করেন যা একেবারেই অনাকাঙ্খিত ও দুঃখজনক" মর্মে কারা মহাপরিদর্শক বরাবর পত্র প্রেরণ করেন। তাঁর এহেন কার্যকলাপ উর্ধ্বতন কর্তৃপক্ষকে সুস্পষ্টভাবে অবমাননা, শিষ্টাচার-বহির্ভূত এবং চাকরি বিধি-বহির্ভূত আচরণ;

যেহেতু, জনাব মোঃ মজিবুর রহমান মজুমদার, জেল সুপার, ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার (সাবেক কর্মস্থল: মৌলভীবাজার জেলা কারাগার)-এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ২(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর শামিল। তাঁর এহেন আচরণের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী তাকে **'অসদাচরণ'** এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা-১৩/২০২৫ নম্বর রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত গত ০৩-১১-২০২৫ তারিখে বর্ণিত অভিযোগের বিষয়ে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, ০১-০৪-২০২৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিঅন্তে আনীত অভিযোগ, তার দাখিলকৃত জবাব ও উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনায় তাঁর ওপর 'লঘুদন্ড' আরোপ করার সিদ্ধান্ত যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

সেহেতু, জনাব মোঃ মজিবুর রহমান মজুমদার, জেল সুপার, ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার (সাবেক কর্মস্থল: মৌলভীবাজার জেলা কারাগার)-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে একই বিধিমালার ৪ (২) (ক) অনুযায়ী **'তিরস্কার'** সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

02/08/25

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৫.২৫.১৭

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা
২। অতিরিক্ত সচিব (কারা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। উপসচিব, কারা-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটেড পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। জনাব মোঃ মজিবুর রহমান মজুমদার, জেল সুপার, ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার
১০। যুগ্মসচিব (শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। অফিস কপি/মাস্টার কপি।

02-8-2026

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব